

আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগ  
বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়  
ঢাকা।

ডিএফআইএম সার্কুলার নং-৫

তারিখঃ ২৪ জুলাই, ২০১১  
৯ শ্রাবণ, ১৪১৮

প্রধান নির্বাহী/ব্যবস্থাপনা পরিচালক,  
বাংলাদেশে কার্যরত সকল আর্থিক প্রতিষ্ঠান।

প্রিয় মহোদয়,

আর্থিক প্রতিষ্ঠানসমূহের ন্যূনতম পরিশোধিত মূলধন উন্নীতকরণ প্রসঙ্গে।

প্রজ্ঞাপন নং-ডিএফআইএম(পি)১০৫২-প্রজ্ঞা/৩৭, তারিখ ৯ শ্রাবণ ১৪১৮/২৪ জুলাই ২০১১ এর মাধ্যমে আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ (১৯৯৩ সনের ২৭ নং আইন) এর ৪৯ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে বাংলাদেশ ব্যাংক, সরকারের পূর্বানুমোদনক্রমে, আর্থিক প্রতিষ্ঠান প্রবিধানমালা, ১৯৯৪ এর নিরূপ সংশোধন করেছে:-

উপরোক্ত প্রবিধানমালার-

(ক) প্রবিধান ৪ এর দফা (ঘ) ও (ঘঘ) নিরূপভাবে প্রতিস্থাপিত হবে:-

“(ঘ) বাংলাদেশে নিবন্ধিত কোম্পানীর ক্ষেত্রে উহার ন্যূনতম পরিশোধিত মূলধন (Paid up capital) এর পরিমাণ হইবে ১০০ (একশত) কোটি টাকা; তবে শর্ত থাকে যে, পরিশোধিত মূলধন ও সংরক্ষিত তহবিল এর পরিমাণ বাংলাদেশ ব্যাংক কর্তৃক সময় সময় নির্ধারিত সম্পদের ঝুঁকি-ভিত্তিক ন্যূনতম সংরক্ষিতব্য মূলধন অপেক্ষা কম হইবে না; (ঘঘ) বিদেশে নিবন্ধিত কোম্পানীর ক্ষেত্রে, উক্ত কোম্পানীকে বাংলাদেশে দফা (ঘ) তে উল্লিখিত পরিমাণ অর্থের সংস্থান রাখিতে হইবে।”

(খ) প্রবিধান ৬ এর উপ-প্রবিধান (২) নিরূপভাবে প্রতিস্থাপিত হবে:-

“(২) বিদেশে নিবন্ধিত প্রত্যেক কোম্পানী লাইসেন্স প্রাপ্তির পর ১০০ (একশত) কোটি টাকা বা বাংলাদেশ ব্যাংক কর্তৃক সময় সময় নির্ধারিত সম্পদের ঝুঁকিভিত্তিক ন্যূনতম সংরক্ষিতব্য মূলধন, এই দুইয়ের মধ্যে যাহা বেশী, উহার সমপরিমাণ অর্থ উক্ত ব্যাংক কর্তৃক নির্ধারিত পদ্ধতিতে সংরক্ষিত তহবিল আকারে বাংলাদেশে সংরক্ষণ করিবে।”

উপরোক্ত প্রজ্ঞাপনের প্রেক্ষিতে আর্থিক প্রতিষ্ঠানসমূহের ন্যূনতম পরিশোধিত মূলধনের ঘাটতি, যদি থাকে, পূরণে নিম্নবর্ণিত নির্দেশাবলী অনুসরণীয় হবে :

- (১) পরিশোধিত মূলধনের ঘাটতির অংশ ৩০ জুন ২০১২ তারিখের মধ্যে পূরণ করতে হবে;
- (২) পরিশোধিত মূলধন সংগ্রহের জন্য আর্থিক প্রতিষ্ঠানসমূহ প্রযোজ্য ক্ষেত্রে আইপিও বা রাইট শেয়ার বা বোনাস শেয়ার ইস্যুর ব্যবস্থা গ্রহণ করতে পারে;
- (৩) পরিশোধিত মূলধন ঘাটতি থাকা অবস্থায় কোন আর্থিক প্রতিষ্ঠান নগদে লভ্যাংশ প্রদান করতে পারবে না; এবং
- (৪) উপরোক্ত প্রজ্ঞাপনের সূত্রে আর্থিক প্রতিষ্ঠানের সংঘ-স্মারক ও সংঘ-বিধির প্রয়োজনীয় সংশোধনীর বিষয়ে আর্থিক প্রতিষ্ঠানগুলো অবিলম্বে যথাযথ ব্যবস্থা গ্রহণ করবে।

প্রসঙ্গতঃ ডিএফআইএম সার্কুলার নং-০৯, তারিখ ৪ নভেম্বর ২০০৯ উপরোক্ত মর্মে সংশোধিত হয়েছে বলে গণ্য হবে।

আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ এর ১৮(ছ) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে জনস্বার্থে এ নির্দেশ জারি করা হলো।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ সোহরাওয়ার্দী)  
মহাব্যবস্থাপক  
ফোনঃ ৭১২০৩৬২